গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৯

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

শিক্ষা মানুষের মৌলিক অধিকার। মানুষের শিক্ষা জীবনের দৃঢ় ভিত্তি গড়ে উঠে প্রাথমিক শিক্ষার মাধ্যমে। এ অধিকার বাস্তবায়নের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নিবিড়ভাবে কাজ করে যাচ্ছে। শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার ২৬,১৯৩ টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করেছে। একই সাথে প্রধান শিক্ষকের পদকে ২য় শ্রেণিতে উন্নীতকরণসহ সহকারী শিক্ষকদের বেতন স্কেল এক ধাপ উন্নীত করা হয়েছে। শ্রেণিকক্ষের শিক্ষক ও শিক্ষার্থীর অনুপাত হ্রাস করতে ২২৯৭০ জন শিক্ষক নিয়োগ এবং ২২৮৪৩ টি শ্রেণিকক্ষ নির্মাণ করা হয়েছে। সকল বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি চালু করতে ৩৭৬৭২ টি প্রাক-প্রাথমিক শিক্ষকের পদ সৃষ্টি করা হয়েছে । তন্মধ্যে ৩৫৬৭৫ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে। প্রতি বিদ্যালয়ে ১ টি করে ৩৬৯৮৮ টি দপ্তরি কাম প্রহরী পদ সৃজন করে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ দেয়া হচ্ছে। শিক্ষার মানোন্নয়ন ও অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ২৫৫৫২ টি নলকূপ স্থাপন ও ১৩৮৮৩ টি ওয়াশব্লক নির্মাণ করা হয়েছে। প্রতিবছর ১লা জানুয়ারি সকল শিক্ষার্থীকে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হচ্ছে। এছাড়া নীতিমালা অনুযায়ী প্রাপ্যতাযোগ্য সকল শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদানের লক্ষ্যে একটি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। ৩০ লক্ষ শিক্ষার্থীকে স্কুল ফিডিং এর আওতায় আনা হয়েছে। উন্নয়ন পরিকল্পনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে ৪৭২৯৭টি প্রাথমিক বিদ্যালয়ে "স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান" বাস্তবায়নের জন্য বাৎসরিক ৪০ হাজার টাকা করে প্রদান করা হচ্ছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রধান সমস্যা ও চ্যালেঞ্জসমূহকে হচ্ছে নতুন শিক্ষক নিয়োগ ও নতুন ভবন/শ্রেণিকক্ষ নির্মাণ ও সংস্কারের মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থী এবং শ্রেণিকক্ষ-শিক্ষার্থীর কাঙ্খিত অনুপাত অর্জন নিশ্চিত করা। শিক্ষক কর্তৃক শ্রেণিকক্ষে গতানুগতিক পাঠদানের প্রবণতা পরিহার করে উদ্ভাবনী পন্থার অনুসরণে অভ্যস্ত করা। দরিদ্র অভিভাবকগণ কর্তৃক শিশুদেরকে বিদ্যালয়ের পরিবর্তে শ্রমঘন কর্মসংস্থানে প্রেরণে নিরুৎসাহিত করা। শিক্ষার গুণগতমান বৃদ্ধি, একীভূত ও জীবনব্যাপী শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারি ও বেসরকারি উদ্যোগে স্কুল ফিডিং কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় স্কুল ফীডিং নীতিমালা চূড়ান্ত করা হবে। সকল শিক্ষার্থীর ছবিসহ আইডি কার্ড ও ডাটাবেজ প্রণয়ন, প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা এবং অবকাঠামো নির্মাণ ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণের পদক্ষেপ গ্রহণ করা হবে। ঝরে পড়া ও স্কুল বহির্ভূত শিশুদের উপযোগী উপানুষ্ঠানিক কারিকুলামসহ জীবিকায়ন দক্ষতা প্রশিক্ষণ সংক্রান্ত নেটওয়ার্ক গড়ে তোলা হবে। অষ্টম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষা অন্তর্ভুক্তকরণসহ জাতীয় শিক্ষানীতি বাস্তবায়নের লক্ষ্যে কারিকুলাম, শিক্ষক প্রশিক্ষণের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও ডিপ্লোমা-ইন-এডুকেশন প্রি-সার্ভিস প্রশিক্ষণে রূপান্তরের জন্য অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সর্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য ৭০০০ শ্রেণিকক্ষ, ৯০০০ নলকূপ স্থাপন এবং ৪০০০ ওয়াশব্লক নির্মাণ;
- ১লা জানুয়ারি, ২০১৭ তারিখে সকল ছাত্র-ছাত্রিদের মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ;
- প্রাপ্যতাযোগ্য সকল শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান ও ৩০ লক্ষ শিক্ষার্থীকে স্কুল ফিডিং এর আওতায় আনয়ন;
- ১০০টি নতুন প্রাথমিক বিদ্যালয় ও ১ টি পিটিআই নির্মাণ;
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৯৯৭ জন প্রাক-প্রাথমিক শিক্ষক নিয়োগ এবং
- সাক্ষরতার হার বৃদ্ধি ও অব্যাহত জীবনব্যাপী শিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে মৌলিক শিক্ষাকেন্দ্র চালুকরণ;

## উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

মানসম্মত প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও জীবনব্যাপী শিক্ষা

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগতমান উন্নয়নের মাধ্যমে সবার জন্য প্রাথমিক ও জীবনব্যাপী শিক্ষা নিশ্চিতকরণ

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সর্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ
২. মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ
৩. প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন
৪. সাক্ষরতার হার বৃদ্ধি এবং অব্যাহত ও জীবনব্যাপী শিক্ষার সুযোগ অবারিতকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন
২. বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন
৩. অনানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচি বাস্তবায়ন
৪. প্রাথমিক শিক্ষা স্তরের শিক্ষাক্রম (Curriculum) এর উন্নয়ন/পরিমার্জন
৫. প্রাথমিক শিক্ষা স্তরের পাঠ্যবইয়ের পাঠ্যসূচি/পাঠ্যক্রম তৈরি, মুদ্রণ ও বিতরণ
৬. প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শিশু ভর্তির হার (Gross enrollment) | শিশু ভর্তির হার | % | ১০৮.৪০ | ১০৮.৪০ | ১০৭.০০ | ১০৬.০ | ১০৪.০০ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট ও মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| শিশু ভর্তির প্রকৃত হার (Net enrollment) | প্রকৃত শিশু ভর্তির হার | % | ৯৭.৭০ | ৯৭.৯০ | ৯৭.৯৫ | ৯৮.০০ | ৯৮.৫০ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট ও মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| উপস্থিতির হার বৃদ্ধি | উপস্থিতির হার | % | ৮৬.৭০ | ৮৬.৯০ | ৮৭.০০ | ৮৭.১০ | ৮৭.২০ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট ও মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় পাশের হার বৃদ্ধি | প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় পাশের হার | % | ৯৭.৯৩ | ৯৮.৫২ | ৯৮.৭০ | ৯৮.৯০ | ৯৯.০০ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট ও মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| ছাত্র-শিক্ষক অনুপাত বৃদ্ধি | ছাত্র শিক্ষক অনুপাত | অনুপাত | ১:৪০ | ১:৪২ | ১:৪২ | ১:৪২ | ১:৪২ | জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয় | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট ও মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| সাক্ষরতার হার বৃদ্ধি (১৫+) | সাক্ষরতার হার (১৫+) | % | ৬০.০০ | ৬০.২৫ | ৬১.০০ | ৬১.৫০ | ৬২.০০ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিকস ও মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] সর্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ | ৩৬ | [১.১] শ্রেণিকক্ষ নির্মাণ | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ | সংখ্যা | ৬.০০ | ৯৮৫০ | ৬০০০ | ৭০০০ | ৬৮০০ | ৬৬০০ | ৬৪০০ | ৬০০০ | ৭৫০০ | ৮০০০ |
| | | [১.২] নলকূপ স্থাপন | [১.২.১] স্থাপিত নলকূপ | সংখ্যা | ৬.০০ | ৯৮১৯ | ৬৪২৩ | ৯০০০ | ৮৮০০ | ৮৬০০ | ৮৪০০ | ৮০০০ | ৯০০০ | ৯০০০ |
| | | [১.৩] শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য ওয়াশব্লক নির্মাণ | [১.৩.১] নির্মিত ওয়াশব্লক | সংখ্যা | ৪.০০ | ৭৭৪৮ | ৯০০০ | ৪০০০ | ৩৮০০ | ৩৬০০ | ৩৪০০ | ৩০০০ | ৪৫০০ | ৫০০০ |
| | | [১.৪] সকল যোগ্য শিক্ষার্থীর জন্য উপবৃত্তি কার্যক্রম | [১.৪.১] বৃত্তি প্রাপ্যতাযোগ্য ছাত্র-ছাত্রী | % | ৪.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [১.৫] নির্ধারিত সময়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ | [১.৫.১] নির্ধারিত তারিখে বিতরণকৃত | তারিখ | ৪.০০ | | ৩১-০১-২০১৬ | ০১-০১-২০১৭ | ১০-০১-২০১৭ | ২০-০১-২০১৭ | ৩০-০১-২০১৭ | ১০-০২-২০১৭ | ০১-০১-২০১৮ | ০১-০১-২০১৯ |
| | | [১.৬] দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | [১.৬.১] উপকারভোগী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ৩২.০০ | ৩২.০০ | ৩০.০০ | ২৯.৫০ | ২৯.০০ | ২৮.৫০ | ২৮.০০ | ৩১.০০ | ৩২.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৭] বিদ্যালয়ের রুটিন মেরামত ও রক্ষণাবেক্ষণ | [১.৭.১] মেরামতকৃত বিদ্যালয় | সংখ্যা | ২.০০ | ১৫০০০ | ৫৫০০০ | ১৫০০০ | ১৪০০০ | ১৩০০০ | ১২০০০ | ১১০০০ | ১২০০০ | ১০০০০ |
| | | [১.৮] সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি চালুকরণ | [১.৮.১] আওতাভুক্ত বিদ্যালয় | সংখ্যা (ক্রমপুঞ্জীভূত) | ২.০০ | ৪১৭০০ | ৫৫০০০ | ৬৩০০০ | ৬২০০০ | ৬১০০০ | ৬০০০০ | ৫৯০০০ | ৬৩৫০০ | ৬৩৫০০ |
| | | [১.৯] বিদ্যালয়বিহীন গ্রামে নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন | [১.৯.১] নতুন স্থাপিত প্রাথমিক বিদ্যালয় | সংখ্যা | ২.০০ | ২৩৫ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [১.১০] প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ | [১.১০.১] নিয়োগ প্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ২.০০ | ৬৯৩৩ | ১৩৯৭৪ | ১১০০০ | ১০৫০০ | ১০০০০ | ৯৫০০ | ৯০০০ | ১০৫০০ | ১১০০০ |
| | | [১.১১] ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ভাতা ও বৃত্তি প্রদান (রক্ষ) | [১.১১.১] উপকারভোগী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ১.০০ | ৩.১২ | ৩.৩০ | ৩.০০ | ২.৯০ | ২.৮০ | ২.৭০ | ২.৬০ | ৩.৩০ | ৩.৩০ |
| [২] মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ | ২৫ | [২.১] ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা গ্রহণ | [২.১.১] নির্ধারিত তারিখে পরীক্ষা সম্পন্ন | তারিখ | ৭.০০ | ৩০-১২-২০১৪ | ৩১-১২-২০১৫ | ৩১-১২-২০১৬ | ০৫-০১-২০১৭ | ১০-০১-২০১৭ | ১৫-০১-২০১৭ | ২০-০১-২০১৭ | ৩১-১২-২০১৬ | ৩১-১২-২০১৬ |
| | | [২.২] প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্নের প্রবর্তন | [২.২.১] যোগ্যতাভিত্তিক প্রশ্নের হার | % | ৬.০০ | ৩৫ | ৫০ | ৬৫ | ৬২ | ৫৯ | ৫৭ | ৫৫ | ৭০ | ৮০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৩] শিক্ষকদের সি-ইন-এড এবং ডিপ-ইন-এড প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ৫.০০ | ৭৩৪৮ | ১০০০০ | ১০০০০ | ৯৬০০ | ৯০০০ | ৮৮০০ | ৮৬০০ | ১০০০০ | ১০০০০ |
| | | [২.৪] প্রাথমিক শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তিভিত্তিক শিক্ষা ব্যবস্থা প্রচলন | [২.৪.১] ক্রয়কৃত আইসিটি যন্ত্রপাতির সেট | সংখ্যা | ৫.০০ | ৩৯৩০ | ১৭১৮৪ | ১৫০০০ | ১৪৫০০ | ১৪০০০ | ১৩৫০০ | ১৩০০০ | ১৬০০০ | ১৬৫০০ |
| | | [২.৫] প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নে প্রশিক্ষণ অবকাঠামোর উন্নয়ন | [২.৫.১] নির্মিত নতুন পিটিআই | সংখ্যা | ২.০০ | ২ | ০৮ | ০১ | | | | | | |
| [৩] প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন | ১৫ | [৩.১] ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়ন | [৩.১.১] স্লিপ ফান্ড প্রাপ্ত বিদ্যালয় | সংখ্যা | ৭.০০ | ৪৭২৪৭ | ৩৬৩১০ | ৬৩৮০০ | ৬৩৫০০ | ৬৩৩০০ | ৬৩১০০ | ৬৩০০০ | ৬৪০০০ | ৬৪৫০০ |
| | | [৩.২] প্রধান শিক্ষকদের লিডারশীপ প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত প্রধান শিক্ষক | সংখ্যা | ৫.০০ | ২৫০৭৫ | ২৩০০০ | ৭০০০ | ৬৮০০ | ৬৬০০ | ৬৩০০ | ৬০০০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [৩.৩] শিক্ষার্থীদের মধ্যে ডিজিটাল ডিভাইস (ট্যাব) বিতরণ | [৩.৩.১] ট্যাব প্রাপ্ত শিক্ষার্থী | সংখ্যা | ২.০০ | | | ৫৫০০ | ৫৩০০ | ৫২০০ | ৫১০০ | ৫০০০ | | |
| | | [৩.৪] উপজেলা ভিত্তিক ই-মনিটরিং সিস্টেম চালুকরণ | [৩.৪.১] চালুকৃত উপজেলা | সংখ্যা | ১.০০ | | | ৪০ | ৩৮ | ৩৬ | ৩৩ | ৩০ | ৫০ | ৬০ |
| [৪] সাক্ষরতার হার বৃদ্ধি এবং অব্যাহত ও জীবনব্যাপী শিক্ষার সুযোগ অবারিতকরণ | ৪ | [৪.১] মৌলিক সাক্ষরতা প্রকল্পের কার্যক্রম শুরু | [৪.১.১] নির্ধারিত সময়ে মৌলিক শিক্ষা কেন্দ্র চালু | তারিখ | ২.০০ | | | ১১-০৫-২০১৬ | ১৫-০১-২০১৭ | ৩১-০১-২০১৭ | ১৫-০২-২০১৭ | ২৮-০২-২০১৭ | | |
| | | [৪.২] মৌলিক শিক্ষাকেন্দ্রের জন্য শিক্ষক নিয়োগ | [৪.২.১] নিয়োগ প্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ১.০০ | | | ৮২২০০ | ৮০০০০ | ৭৮০০০ | ৭৬০০০ | ৭৪০০০ | ৪৫০০০ | ২২৮০০ |
| | | [৪.৩] মৌলিক শিক্ষাকেন্দ্রের জন্য নিয়োগকৃত শিক্ষকদের প্রশিক্ষণ | [৪.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ১.০০ | | | ৮২২০০ | ৮০০০০ | ৭৮০০০ | ৭৬০০০ | ৭৪০০০ | ৪৫০০০ | ২২৮০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | - ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ০৪/০৮/২০১৬<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ০৪.০৮.২০১৬<br>তারিখ |

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | স্লিপ | স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান |
| ২ | পিটিআই | প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট |
| ৩ | এপিএসসি | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস |
| ৪ | ডিপ-ইন-এড | ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন |
| ৫ | পিইসিই | প্রাইমারি এডুকেশন কমপ্লিশন এক্সামিনেশন |
| ৬ | রস্ক | রিচিং আউট অব স্কুল চিলড্রেন প্রকল্প |
| ৭ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্টাটিসটিকস |
| ৮ | আইইআর | ইনস্টিটিউট অব এডুকেশন এ্যান্ড রিসার্চ |
| ৯ | এনসিটিবি | ন্যাশনাল কারিকুলাম এ্যান্ড টেক্সট বুক বোর্ড |
| ১০ | ডিপিএইচই | ডিপার্টমেন্ট অব পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং |
| ১১ | এলজিইডি | লোকাল গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ১২ | এডিপি | এ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ১৩ | বিএনএফই | ব্যুরো অব নন-ফরমাল এডুকেশন |
| ১৪ | নেপ | ন্যাশনাল একাডেমী ফর প্রাইমারি এডুকেশন |
| ১৫ | প্রাশিঅ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ১৬ | প্রাগম | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] শ্রেণিকক্ষ নির্মাণ | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ | জরাজীর্ণ এবং জনাকীর্ণ বিদ্যালয় গুলিতে ৫০ জন শিক্ষার্থীকে একসঙ্গে পাঠদান করানো যায় এমন শ্রেণিকক্ষ নির্মাণ। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এলজিইডি-এর কর্মপরিকল্পনা অনুযায়ী হালনাগাদ তথ্য ও এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] নলকূপ স্থাপন | [১.২.১] স্থাপিত নলকূপ | প্রকৃত চাহিদার ভিত্তিতে বিশুদ্ধ এবং আর্সেনিকমুক্ত খাবার পানি সরবরাহের লক্ষ্যে গভীর/অগভীর এবং তারা পাম্প স্থাপন। | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের কর্মপরিকল্পনা অনুযায়ী হালনাগাদ তথ্য ও এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য ওয়াশব্লক নির্মাণ | [১.৩.১] নির্মিত ওয়াশব্লক | পিইডিপি-৩ এর আওতায় ৩টি টয়লেট, ২টি প্রশ্রাবখানা এবং হাত-পা ধোয়ার সুবিধা সংবলিত ওয়াশব্লক নির্মাণ। উল্লেখ্য প্রতি বিদ্যালয়ে ২টি ওয়াশব্লক (একটি ছাত্র ও পুরুষ শিক্ষকদের জন্য এবং অপরটি ছাত্রি ও মহিলা শিক্ষকদের জন্য) থাকবে। | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের কর্মপরিকল্পনা অনুযায়ী হালনাগাদ তথ্য ও এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] সকল যোগ্য শিক্ষার্থীর জন্য উপবৃত্তি কার্যক্রম | [১.৪.১] বৃত্তি প্রাপ্যতাযোগ্য ছাত্র-ছাত্রী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝরে পড়ার হার কমানোর লক্ষ্যে উপবৃত্তি প্রদান প্রকল্পের আওতায় গরীব পরিবারের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি প্রদান। | প্রকল্প পরিচালক উপবৃত্তি প্রদান প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | উপবৃত্তি প্রদানের সাথে সংশ্লিষ্ট ব্যাংকের হালনাগাদ তথ্য ও এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট | প্রকল্প পরিচালকের কার্যালয়ের প্রতিবেদন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] নির্ধারিত সময়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ | [১.৫.১] নির্ধারিত তারিখে বিতরণকৃত | প্রতিবছর ৩১ ডিসেম্বরের মধ্যে ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত প্রতি শিক্ষার্থীর হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | জেলা প্রাথমিক শিক্ষা অফিস থেকে বই বিতরণ সম্পর্কিত প্রাপ্ত হালনাগাদ তথ্য ও জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রতিবেদন | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | [১.৬.১] উপকারভোগী শিক্ষার্থী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝড়ে পরার হার কমানোর লক্ষ্যে প্রতি শিক্ষার্থীকে উচ্চ পুষ্টিমান সম্পন্ন ৭৫ গ্রাম বিস্কুট প্রদান। | প্রকল্প পরিচালক, স্কুল ফিডিং প্রোগ্রাম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রকল্প পরিচালকের কার্যালয়ের প্রতিবেদন | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] বিদ্যালয়ের রুটিন মেরামত ও রক্ষণাবেক্ষণ | [১.৭.১] মেরামতকৃত বিদ্যালয় | পিইডিপি-৩ এর আওতায় চাহিদা মোতাবেক বড়/ছোট ধরনের মেরামত ও সংস্কার। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এলজিইডি-এর কর্মপরিকল্পনার হালনাগাদ তথ্য ও মন্ত্রণালয় কর্তৃক অর্থ ছাড়ের তথ্য | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৮] সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি চালুকরণ | [১.৮.১] আওতাভুক্ত বিদ্যালয় | দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে ৫ বছর বয়সী শিশুদের কে প্রাক-প্রাথমিক শ্রেণিতে ভর্তি করা ও বছরব্যাপী শিক্ষা কার্যক্রম। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৯] বিদ্যালয়বিহীন গ্রামে নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন | [১.৯.১] নতুন স্থাপিত প্রাথমিক বিদ্যালয় | বিদ্যালয়বিহীন গ্রামে নতুন প্রাথমিক বিদ্যালয় (প্রতি বিদ্যালয়ে ৩ টি শ্রেণিকক্ষ এবং ১ টি শিক্ষক কক্ষ) স্থাপন। নতুন বিদ্যালয় স্থাপনের জন্য স্থায়ীভাবে ৩৩ শতাংশ জমি অনুদানের মাধ্যমে সংগ্রহ করা। | প্রকল্প পরিচালক, বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০ বিদ্যালয় স্থাপন প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রকল্প পরিচালকের কার্যালয়ের প্রতিবেদন | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.১০] প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ | [১.১০.১] নিয়োগ প্রাপ্ত শিক্ষক | প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য, নতুন জাতীয়করণকৃত বিদ্যালয়সমূহের জন্য এবং পেনশন জনিত কারনে শূন্য হওয়া সহকারী শিক্ষক পদের নিয়োগ প্রদান কার্যক্রম। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.১১] ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ভাতা ও বৃত্তি প্রদান (রস্ক) | [১.১১.১] উপকারভোগী শিক্ষার্থী | সুবিধা বঞ্চিত এবং ঝরে পড়া শিক্ষার্থীদের বিদ্যালয়মুখী করার জন্য শিক্ষা সহায়তা প্রদান। | প্রকল্প পরিচালক, রস্ক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রকল্প পরিচালকের কার্যালয়ের প্রতিবেদন | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা গ্রহণ | [২.১.১] নির্ধারিত তারিখে পরীক্ষা সম্পন্ন | প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের শিক্ষার মানে সমতা আনয়নের উদ্দেশ্যে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা (PECE) প্রবর্তন। প্রতিবছর নভেম্বরের শেষের দিকে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত সময়ে প্রকাশিত চূড়ান্ত ফলাফলের প্রতিবেদন ও এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্নের প্রবর্তন | [২.২.১] যোগ্যতাভিত্তিক প্রশ্নের হার | প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় যোগ্যতা ভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন এবং ২০১৮ সালের মধ্যে ১০০% যোগ্যতা ভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি কর্তৃক প্রণীত প্রশ্নপত্রের ধরণ বিশ্লেষণ প্রতিবেদন । | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] শিক্ষকদের সি-ইন-এড এবং ডিপ-ইন-এড প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | প্রতিটি পিটিআই এ ২০০ জন হিসাবে ৫৫ টি পিটিআই এ মোট ১১০০০ শিক্ষককে সি-ইন-এড/ডিপ-ইন-এড ১২/১৮ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান | পিটিআইয়ের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রশিক্ষণার্থীর উপস্থিতির তালিকা ও অর্থ ছাড়ের তথ্য | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] প্রাথমিক শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তিভিত্তিক শিক্ষা ব্যবস্থা প্রচলন | [২.৪.১] ক্রয়কৃত আইসিটি যন্ত্রপাতির সেট | প্রাথমিক শিক্ষায় আইসিটি বিষয়ক জ্ঞানের অন্তর্ভুক্তিকরণের লক্ষ্যে পর্যায়ভিত্তিক ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয় ও বিতরণ। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | আইসিটি যন্ত্রপাতি ক্রয় ও বিতরণের প্রতিবেদন এবং এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নে প্রশিক্ষণ অবকাঠামোর উন্নয়ন | [২.৫.১] নির্মিত নতুন পিটিআই | গুণগত মান সম্পন্ন শিক্ষা প্রদানের লক্ষ্যে প্রাথমিক শিক্ষকদের এক বছর মেয়াদী সি-ইন-এড এবং দেড় বছর মেয়াদী ডিপ-ইন-এড প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রত্যেকটি জেলা সদরে পিটিআই স্থাপন | প্রকল্প পরিচালক, ১২ পিটিআই নির্মাণ প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রকল্প পরিচালকের কার্যালয়ের প্রতিবেদন | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়ন | [৩.১.১] স্লিপ ফান্ড প্রাপ্ত বিদ্যালয় | প্রতিবছর বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য প্রতিটি বিদ্যালয়কে স্লিপ ফান্ডের মাধ্যমে ৪০ হাজার টাকা প্রদান। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | অর্থ ছাড়ের তথ্য ও কর্মসম্পাদনের প্রতিবেদন এবং এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] প্রধান শিক্ষকদের লিডারশীপ প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত প্রধান শিক্ষক | নেতৃত্ব বিকাশের লক্ষ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে প্রশিক্ষণ প্রদান। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রশিক্ষণার্থীদের উপস্থিতি তালিকা ও অর্থ ছাড়ের তথ্য এবং এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] শিক্ষার্থীদের মধ্যে ডিজিটাল ডিভাইস (ট্যাব) বিতরণ | [৩.৩.১] ট্যাব প্রাপ্ত শিক্ষার্থী | প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি ও শিক্ষার্থীদের তথ্য প্রযুক্তি বিষয়ক জ্ঞান অর্জনের লক্ষ্যে শিক্ষার্থীদের মাঝে ডিজিটাল ডিভাইস (ট্যাব) বিতরণ। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ডিজিটাল ডিভাইস (ট্যাব) বিতরণের প্রতিবেদন ও এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] উপজেলা ভিত্তিক ই-মনিটরিং সিস্টেম চালুকরণ | [৩.৪.১] চালুকৃত উপজেলা | প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার মান উন্নয়নের জন্য উপজেলা ভিত্তিক ইলেকট্রনিক পর্যবেক্ষণ কার্যক্রম জোরদার করা। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সফটওয়্যার প্রতিবেদন | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] মৌলিক সাক্ষরতা প্রকল্পের কার্যক্রম শুরু | [৪.১.১] নির্ধারিত সময়ে মৌলিক শিক্ষা কেন্দ্র চালু | ১৫-৪৫ বছর বয়সী নিরক্ষর নারী পুরুষকে ৬ মাসের মৌলিক সাক্ষরতা প্রদান। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | প্রকল্প পরিচালকের কার্যালয়ের প্রতিবেদন, মৌলিক শিক্ষা কর্মসূচি প্রকল্প | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] মৌলিক শিক্ষাকেন্দ্রের জন্য শিক্ষক নিয়োগ | [৪.২.১] নিয়োগ প্রাপ্ত শিক্ষক | ৬ মাসের মৌলিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্মএলাকায় প্রতি উপজেলায় ৩০০ জন শিক্ষক নিয়োগ। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | প্রকল্প পরিচালকের কার্যালয়ের প্রতিবেদন, মৌলিক শিক্ষা কর্মসূচি প্রকল্প | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] মৌলিক শিক্ষাকেন্দ্রের জন্য নিয়োগকৃত শিক্ষকদের প্রশিক্ষণ | [৪.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | বাছাইকৃত ২০ জন মাষ্টার ট্রেইনারের মাধ্যমে নিয়োগকৃত শিক্ষকদেরকে বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | প্রকল্প পরিচালকের কার্যালয়ের প্রতিবেদন, মৌলিক শিক্ষা কর্মসূচি প্রকল্প | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | এলজিইডি | মেরামতকৃত বিদ্যালয়,নতুন স্থাপিত প্রাথমিক বিদ্যালয়,নির্মিত শ্রেণিকক্ষ,নির্মিত নতুন পিটিআই | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও নির্মাণ কাজ পর্যবেক্ষণ | মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তালিকা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন করা হয়। নির্মাণ সংক্রান্ত সকল কাজ (টেন্ডার আহবান হতে বিল প্রদান) এলজিইডি কর্তৃক সম্পন্ন করা হয়। | শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম জোরদার ও বিদ্যালয়ে পাঠদান পরিবেশ নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |
| অন্যান্য | ডিপিএইচই | স্থাপিত নলকূপ,নির্মিত ওয়াশব্লক | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও নির্মাণ কাজ পর্যবেক্ষণ | মন্ত্রণালয় থেকে কেবল তালিকা অনুমোদন করা হয়। নির্মাণ সংক্রান্ত সকল কাজ (টেন্ডার আহবান, বিল প্রদানসহ) ডিপিএইচই কর্তৃক সম্পন্ন করা হয়। | সুপেয় পানি ও স্যানিটেশন নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |
| অন্যান্য | এনসিটিবি | নির্ধারিত তারিখে বিতরণকৃত | নির্ধারিত সময়ের মধ্যে পাঠ্যপুস্তক মুদ্রণ ও সরবরাহ। | বই মুদ্রণের জন্য টেন্ডার আহবান, বিল প্রদান ইত্যাদি কাজ এনসিটিবি কর্তৃক সম্পন্ন করা হয়। | নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক বিতরণ করা সম্ভব হবে না। |